

তারিখ : 22/12/2016

আমানতকারীর সচেতনতা কর্মসূচীর জন্য আর বি আই-এর ডি ই এ ফান্ড কমিটি আরও পাঁচটি সংস্থাকে মনোনীত করল

যে পাঁচটি অতিরিক্ত সংস্থাকে আমানতকারীর শিক্ষা ও সচেতনতা (DEA) তহবিল সমিতি (Fund Committee) মনোনীত করেছে আজ ভারতীয় রিজার্ভ ব্যাংক পঞ্জীকরণের জন্য তাদের নাম প্রকাশ করল। মনোনীত পাঁচটি সংস্থার নাম নিম্নরূপ:

ক্র.নং.	আবেদনকারীর নাম
1.	গ্লোবাল অ্যালায়েন্স ফর সাস্টেনেবল ডেভেলপমেন্ট
2.	সি আর আই এস আই এল ফাউন্ডেশন
3.	উপভোক্তা মার্গদর্শন সমিতি (এউ এম এ এস) যোধপুর
4.	দি ইনস্টিটিউট অফ কোম্পানী সেক্রেটারিস অফ ইন্ডিয়া
5.	মাদার স্বয়ম সেবা গ্রামীণ অভিভ্রুদ্বি (আর) সমষ্টি

তহবিল থেকে পরিকল্পনা-ভিত্তিক আর্থিক সহায়তার জন্য রিজার্ভ ব্যাংক পঞ্জীকৃত সংস্থাগুলিকে রিজার্ভ ব্যাংকের ওয়েবসাইটে প্রদত্ত ফর্মাতে সমস্ত প্রাসঙ্গিক এবং প্রামাণিক তথ্য ও কাগজপত্র সহ আবেদন করার জন্য অনুরোধও করেছিল।

নির্বাচন পদ্ধতির মধ্যে অন্তর্ভুক্ত ছিল রিজার্ভ ব্যাংকের একটি অভ্যন্তরীণ ব্যক্তিবর্গের নিরীক্ষা ও পরবর্তীতে আমানতকারীর শিক্ষা ও সচেতনতা (DEA) তহবিল সমিতি (Fund Committee), যাদের তিন জন বাইরের সদস্য আছেন, তাদের দ্বারা আবেদনপত্রগুলির মূল্যায়ন। আবেদনকারীদের ন্যূনতম যোগ্যতা মান, তাদের আগের অভিজ্ঞতা এবং আমানতকারীদের শিক্ষার ক্ষেত্রে তাদের কাজের মূল্যায়ন, উপভোক্তা সচেতনতা এবং সুরক্ষা এবং **আমানতকারীর সচেতনতা কর্মসূচী রূপায়নে** তাদের দক্ষতা আদির ভিত্তিতে আবেদনগুলি নির্বাচন করা হয়েছে।

স্মরণ করা যেতে পারে যে অক্টোবর 01, 2015 তারিখে ভারতীয় রিজার্ভ ব্যাংক 20টি সংস্থাকে তাদের আবেদনের ভিত্তিতে DEA ফান্ড থেকে আর্থিক সহায়তা চাওয়ার জন্য নথিবদ্ধ করেছিল। অক্টোবর 8, 2015 তারিখাঙ্কিত প্রেস প্রকাশনীর মাধ্যমে, রিজার্ভ ব্যাংক দ্বিতীয় দফায় নথিবদ্ধ করার জন্য উপযুক্ত ব্যক্তিদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করেছিল।

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনী: 2016-2017/1618